

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৬৩৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৩৬]

পর্ব-৭: আযান (كتاب الأذان)

পরিচ্ছেদঃ ৮: বাড়িতে অন্য লোকের আযান যথেষ্ট হওয়া

اجزاء المرء بأذان غيره في الحضر

আরবী

أَخْبَرَنِي زِيَادُ بْنُ أَيُّوبَ، قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ، قَالَ: حَدَّثَنَا أَيُّوبُ، عَنْ أَبِي قِلَابَةَ، عَنْ مَالِكِ بْنِ الْحُوَيْرِثِ، قَالَ: أَتَيْتَنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ شَبِيهَةٌ مُتَقَارِبُونَ، فَأَقَمْنَا عِنْدَهُ عِشْرِينَ لَيْلَةً، وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَحِيمًا رَفِيقًا فَظَنَّ أَنَا قَدْ اشْتَقْنَا إِلَى أَهْلِنَا، فَسَأَلْنَا عَمَّنْ تَرَكَنَاهُ مِنْ أَهْلِنَا، فَأَخْبَرَنَا، فَقَالَ: ارْجِعُوا إِلَى أَهْلِكُمْ فَأَقِيمُوا عِنْدَهُمْ وَعَلِّمُوهُمْ وَمُرُوهُمْ، إِذَا حَضَرَتِ الصَّلَاةُ فليؤذِّنْ لَكُمْ أَحَدُكُمْ وَلِيُؤَمِّكُمْ أَكْبَرُكُمْ .

تخريج دارالدعوة: صحيح البخارى/الأذان ١٧ (٦٢٨) مطولاً، ١٨ (٦٣١) مطولاً، ٣٥ (٦٥٨)، ٤٩ (٦٨٥) مطولاً، ١٤٠ (٨١٩)، الأدب ٢٧ (٦٠٠٨) مطولاً، أخبار الآحاد ١ (٧٢٢٦) مطولاً، صحيح مسلم/المساجد ٥٣ (٦٧٤) مطولاً، سنن ابى داود/الصلاة ٦١ (٥٨٩)، (تحفة الأشراف: ١١١٨٢)، ويأتى عند المؤلف (٦٧٠) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 636 - صحيح

বাংলা

৬৩৫. যিয়াদ ইবনু আইয়ুব (রহ.) মালিক ইবনু হুওয়াইরিস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা (কয়েকজন) রাসূলুল্লাহ (সা.) -এর কাছে উপস্থিত হলাম, তখন আমরা সবাই ছিলাম বয়সে যুবক ও সমবয়স্ক। আমরা রাসূলুল্লাহ (সা.) -এর খিদমাতে বিশ দিন থাকি। তিনি অত্যন্ত দয়াশীল ও বিনম্র অন্তরের লোক ছিলেন। তার ধারণা হলো যে, আমরা বাড়িতে যেতে আগ্রহী। তিনি (সা.) আমাদেরকে প্রশ্ন করলেন, বাড়িতে কাদেরকে

রেখে এসেছ? আমরা তাঁকে তা বললাম। তিনি বললেন, তোমরা তোমাদের বাড়িতে চলে যাও এবং তোমাদের পরিবার-পরিজনদের মধ্যে থাক। তাদেরকে (দীন) শিক্ষা দাও এবং তাদেরকে (সৎকাজের) আদেশ দাও যখন সালাতের সময় আসে তখন যেন তোমাদের কেউ আযান দেয় এবং তোমাদের মধ্যে যে বড় সে যেন সালাতের ইমামাত করে।

English

8. The Adhan Of Someone Else Is Sufficient While A Resident

It was narrated that Malik bin Al-Huwairith said: We came to the Messenger of Allah (ﷺ) and we were young men close in age. He let us stay with him for twenty days. The Messenger of Allah (ﷺ) was merciful and compassionate, and he thought that we were missing our families; he asked us about those whom we had left behind of our families, so we told him, and he said: 'Go back to your families, stay with them and teach them. Tell them when the time for prayer comes; let one of you call the Adhan and let the oldest of you lead the prayer.'

ফুটনোট

সহীহ: বুখারী ৬৩১, মুসলিম ৬৭৪।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ মালিক ইবনু হুয়াইরিস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86979>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন